

বাংলাদেশ পল্লী উন্নয়ন বোর্ড (বিআরডিবি)  
উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তার কার্যালয়  
কুতুবদিয়া, কক্সবাজার।


স্মারক নং-৪৭.৬২.২২৪৫.০০১.১৬.২০৯.২৪.৬৭

তারিখ:-১৮/০৬/২০২৫ খ্রি:

বিষয়: বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকায় কারণ দর্শানো প্রসঙ্গে।

উপর্যুক্ত বিষয়ের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, আপনি জনাব বারেক উল্লাহ, মাঠ সংগঠক, অপ্রধান শস্য কর্মসূচি, কুতুবদিয়া, কক্সবাজার গত ১৫/০৬/২০২৫ তারিখ সকাল ১০.০০টা হতে বিনা অনুমতিতে নিজ কর্মস্থলে অনুপস্থিত আছেন। আপনি ছুটির জন্য কোন আবেদন দাখিল করেননি। এমনকি অনুপস্থিতির কারণ কর্তৃপক্ষকে অবহিত করেননি। তাছাড়া আপনি বর্তমানে কোথায় কি অবস্থায় আছেন তাও জানাননি। আপনার ব্যক্তিগত মোবাইলে নিম্নস্বাক্ষরকারী কর্তৃক (০১৮৩৯৫৬২৮২৪) যোগাযোগ করা হলে নম্বরটি বন্ধ পাওয়া যায়। আপনার এই দীর্ঘসময়ে অনুপস্থিতির কারণে অপ্রধান শস্য কর্মসূচি মাঠ ও দাপ্তরিক কার্যক্রম দারুণভাবে ব্যহত হচ্ছে। দপ্তরের সাথে আপনার কোন যোগাযোগ নেই, মাঠের কি অবস্থা কর্তৃপক্ষের সাথে শেয়ার করেন না। দাপ্তরিক কাজে প্রয়োজন হলে আপনাকে পাওয়া যায় না। দলের সদস্যরা ঋণের কিস্তি পরিশোধের জন্য আপনাকে খুঁজে পাই না। গত ০৩ মাসে আপনার কোন আদায় নেই। এতে প্রতিয়মান হয় যে, আদায়কৃত সরকারী টাকা ব্যাংকে জমা প্রদান না করে হস্তমজুদ রাখেন যা আত্মসাতের সামিল। কর্তৃপক্ষের অনুমতি ব্যতিরেকে কর্মস্থলে এ ধরনের অনুপস্থিত থাকা, কর্তৃপক্ষকে অবহিত না করা, বেআইনী বিধি বহির্ভূত এবং কর্মসূচি কাজে চরম অবহেলা ও অবজ্ঞার সামিল। যা অপ্রধান শস্য কর্মসূচি নীতিমালা-২০২৪ এর পরিপন্থি।

এমতাবস্থায় গত ১৫/০৬/২০২৫ তারিখ সকাল ১০.০০টা হতে কর্তৃপক্ষকে কোনরূপ অবহিত না করে বিনা অনুমতিতে কর্মস্থলে অনুপস্থিত থাকার কারণে কেন আপনার বিরুদ্ধে অপ্রধান শস্য কর্মসূচি নীতিমালা-২০২৪ অনুযায়ী শাস্তিমূলক ব্যবস্থা গ্রহণ করা হবে না মর্মে আগামী ০৭ (সাত) কর্মদিবসের মধ্যে সন্তোষজনক জবাব প্রদানের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।



(শাহাদাত হোসেন)

উপজেলা পল্লী উন্নয়ন কর্মকর্তা(অ:দা:)

কুতুবদিয়া, কক্সবাজার।

প্রাপক,  
জনাব বারেক উল্লাহ  
মাঠ সংগঠক,  
অপ্রধান শস্য কর্মসূচি,  
কুতুবদিয়া, কক্সবাজার।  
(মোবা:০১৮৩৯৫৬২৮২৪)